বাগোয়ান ইউনিয়ন পরিষদে গাছের চারা ও প্রতিবন্ধীদের ভাতা কার্ড বিতরণ

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ২৬০ টি প্রতিবন্ধী ব্যাক্তির মাঝে ভাতা কার্ড, গাছের চারা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দেয়া মাস্ক বিতরণ করা হয়েছে।

বৃহস্প্রতিবার সকাল সাড়ে দশটার সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ প্রাঙ্গনে গাছের চারা ও প্রতিবন্ধীদের ভাতা কার্ড সহ মাস্ক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ইউপি সদস্য সোহরাব হোসেন, দিলিপ মল্লিক, আনোয়ারুল ইসলাম, কাজী কোমরউদ্দীন সেলিম, সংকর বিশ্বাস, সংরক্ষিত মহিলা সদস্য নারগীস খাতুন, শাহিনুর খাতুন সহ সকল ইউপি সদস্যগণ।

প্রতিবন্ধী ভাতা কার্ড ও গাছের চারা বিতরণ করার আগে ১৫ আগষ্ট বঙ্গবন্ধুর শাহাদত বার্ষীকি উপলক্ষে আলোচনা করা হয়।

গাংনীতে রাস্তা পাঁকা করণের দাবীতে এলাকা বাসির মানববন্ধন

সড়কে ধান লাগিয়ে প্রতিবাদ ও সড়ক পাঁকা করণের দাবীতে মানববন্ধন করেছে গাংনী উপজেলার ধানখোলা গ্রামের বাগান পাড়ার বাসিন্দারা।

আজ বৃহষ্পতিবার সকালে গ্রামের নারী পুরুষেরা এ প্রতিবাদ ও মানব বন্ধনের আয়োজন করেন।

মানব বন্ধনে বক্তারা জানান, স্বাধীনতা পরবর্তী সময়ে গ্রামের

মানুষের চলাচল ও ফসল ঘরে নিয়ে আসার একমাত্র রাস্তাটি দীর্ঘদিন সংস্কার করা হয়নি। সড়কের আইডি না থাকায় রাস্তাটি পাঁকা করণের উদ্যোগও নেয়া হয়নি। ফলে বর্ষা মৌসুমে মানুষের চলাচল ও মাঠের ফসল ঘরে তুলতে বেশ কষ্ট পেতে হয়।

এদিকে স্থানীয় চেয়ারম্যানের কোন উদ্যোগ নেই মর্মে অভিযোগ এনে সড়কে ধান রোপন করে প্রতিবাদও জানান তারা।

ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন, রাস্তাটি পাকা করনের জন্য আমি অনেক তদবির করেছি। আইডি না থাকায় এলাকাবাসির দাবী পুরন করা সম্ভব হয়নি। তবে আমাদের তদবির অব্যাহত রয়েছে।

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধে ছোট ভাইয়ের হামলায় বড় ভাইসহ দু’ভাতিজা জখম

মেহেরপুরের গাংনীর নওদাপাড়া গ্রামে জমি ভাগাভাগি নিয়ে বিরোধে ছোট ভাইয়ের হামলায় বড় ভাইসহ দুই ভাতিজাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করেছে আপন ছোট ভাই। বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন,গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের নওদাপাড়া গ্রামের জাহাবকসের ছেলে ইমদাদুল হক(৫০),ইমদাদুলের বড় ছেলে মিলন হোসেন(৩০) ছোট ছেলে নিলচাদ(২৫)।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তাদের অবস্থা আশংকা জনক হওয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন জরুরী বিভাগের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক ডাঃ দেবাসিস।

আহতদের পরিবার সুত্রে জানা গেছে, নওদা পাড়া গ্রামের জাহা বকসের দুই ছেলে ইমদাদুল ও ইয়াদুলের সাথে ১০ কাঠা বাড়ির জমি নিয়ে ভাগাভাগি নিয়ে বিরোধ চলে আসছিল। উক্ত জমি জাহাবকসের ছোট ছেলে

ইয়াদুল জোর করে বেশি জমি ভোগ দখল করে।

উক্ত জমি সমান অংশে ভাগাভাগির জন্য ইমদাদুল প্রস্তাব দিলে ছোট ভাই ইয়াদুল ও তার ছেলে হিমেল ক্ষিপ্ত হয়ে ধারানো অস্ত্র রামদা দিয়ে ইমদাদুল,মিলন ও নিলচাদকে কুপিয়ে রক্তাক্ত জখম করে।

এব্যপারে হামলাকারি ইয়াদুল ও হিমেলের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তারা পালাতক থাকায় কথা বলা সম্ভব হয়নি।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যাবস্থা নেয়্ ◌াহবে।

২৫ তারিখে পজিটিভ, ২৭ এ নেগেটিভ!

২৩ আগস্ট মেহেরপুর জেনারেল হাসপাতালে করোনা উপসর্গে নমুনা দেওয়ার পর ২৫ তারিখে কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে রিপোর্ট আসে পজিটিভ। এর একদিন পর ২৭ আগস্ট জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট রিপোর্ট আসে নেগেটিভ।

এরকম একটি ঘটনা ঘটেছে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের ব্যবসায়ী আবুল কাশেমের। তাঁর বয়স আনুমানিক ৬৫ বছর। তিনি দির্ঘদিন ধরে হার্টের রোগে ভুগছেন। করোনা পজিটিভ শোনার পর তিনি মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন।

আবুল কাশেমের ছেলে তারিকুল ইসলাম জানান, একজন বয়স্ক হৃদরোগ আক্রান্ত মানুষের এমন রিপোর্ট আসলে তিনি মানসিক ভাবে আরো বেশি অসুস্থ হয়ে পড়েন। একদিনের ব্যবধানে দুটি স্থানে দুরকম রিপোর্ট অস্বস্তির মধ্যে ফেলে দিয়েছে। করোনার এই মহামারিতে যেটা কখনোই কাম্য নয়।

তিনি জানান, তার বাবা শারিরিক অসুস্থতার জন্য গত ২২ আগস্ট মেহেরপুর সদর হাসপাতালে ভর্তি হন। ২৩ আগস্ট সকালে মেহেরপুর জেনারেল হাসপাতালে নমুনা দেওয়া হয়। পরদিন ২৪ তারিখে ঢাকার জাতীয়

হৃদরোগ ইনস্টিউটে নেওয়া হয়। সেখানে ২৫ তারিখ সকালে পুনরায় নমুনা দেওয়া হয়। সেখান থেকে আজ ২৭ আগস্ট সকালে নেগেটিভ রিপোর্ট আসে।

গাংনীতে সাপের কামড়ে স্কুল ছাত্রের মৃত্যু

মেহেরপুরের গাংনীর সহড়াতলা গ্রামে নানা বাড়িতে বেড়াতে গিয়ে সাপের কামড়ে আলালউদ্দিন নামে এক স্কুল ছাত্রের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত আলাল উদ্দিন
(১০) গাংনী উপজেলা মটমুড়া ইউনিয়নের কুমারিডাঙ্গা গ্রামের বিল্লাল হোসেনের ছেলে ও স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেনীর ছাত্র।

স্থানীয়রা জানান, বুধবার বিকেলে আলাল উদ্দিন তার নানা সহড়াতলা গ্রামের আব্দুর রশিদের বাড়িতে বেড়াতে যায়। রাতে খাওয়া দাওয়া শেষে একটি ঘরে ঘুমিয়ে পড়ে। রাতের কোনো এক সময় তাকে সাপে কামড় দেয়। সকালে বিষক্রিয়া শুরু হলে পাশ্ববর্তী একটি ওঝাঁ (কবিরাজ) বাড়িতে নেয়ার পথেই আলাল উদ্দিনের মৃত্যু হয়।

স্থানীয় আহার আলি জানান, নানা বাড়িতে বেড়াতে এসে সাপের কামড়ে মৃত্যু হওয়া আলাল উদ্দিনের মরদেহ পরিবারের কাছে পাঠানো হয়েছে।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

এ সময় নখকুনি হলে যা করবেন

নখকুনি খুবই যন্ত্রণাদায়ক সমস্যা। বর্ষার সময়ে এই রোগ বেশি হয়ে থাকে। হাত বা পায়ের নখে এই সমস্যা হতে পারে।

নখের পাশের ত্বকে সৃষ্টি হওয়া ফাটলের মধ্য দিয়ে ব্যাকটেরিয়া প্রবেশ করে সংক্রমণ সৃষ্টি করে। ফলে নখে পানি জমে, ব্যথা হয় ও ফুলে যায়।

অনেক সময় নখ ছোট করে কাটতে গিয়ে ত্বকের মধ্যে ক্ষত সৃষ্টি হয়। আবার খোঁচা লেগেও নখের কোণে ক্ষত সৃষ্টি হয়। ক্ষত স্থানে ব্যাকটেরিয়ার সংক্রমণের ফলে নখকুনির সমস্যা হয়ে থাকে।

কী করবেন

১. হাতে বা পায়ে এই সমস্যা হলে পানি লাগতে দেবেন না। ক্ষত স্থান শুকনো রাখতে হবে।

২. ফাঙ্গাশের কারণে নখকুনি হতে পারে। নখের পাশের ত্বকে সংক্রমণের কারণেও সাদা দাগ হতে পারে। নখ বড় হওয়ার সময় ভেতরে ঢুকে গেলে এমন হয়। লাল হয়ে মরেও প্রচণ্ড ব্যথা হয়। ইনফেকশনের কারণেও এমন হয়। এ ক্ষেত্রে যথাযথ ফিট হয় এমন জুতা পরবেন। অ্যান্টিব্যাকটেরিয়াল ক্রিম বা অয়েন্টমেন্ট ব্যবহার করবেন।

৩. গৃহবধূদের এই সমস্যা বেশি হয়। অ্যান্টি ফাঙ্গাল ট্যাবলেট ও মলম ব্যবহার করতে হয়।

৪. কোনো ওষুধ ব্যবহারের আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

হোয়াটসঅ্যাপেও করা যাবে কল রেকর্ডিং

ফেসবুক মালিকানাধীন জনপ্রিয় ম্যাসেজিং অ্যাপ হোয়াটসঅ্যাপ ব্যবহার করে অনেকেই ফোনে কথা বলেন। ব্যক্তিগত কিংবা পেশাগত কাজে অনেক সময় হোয়াটসঅ্যাপে কল রেকর্ডের প্রয়োজন পড়ে কিন্তু প্রচলিত অ্যাপগুলো দিয়ে ইন্টারনেটের কল রেকর্ড করা যায় না!

অ্যান্ড্রয়েড চালিত স্মার্টফোনে হোয়াটসঅ্যাপের কল কীভাবে

রেকর্ড করা যায় তার বিস্তারিত থাকছে ইত্তেফাক পাঠকদের জন্য।

কাজটি করতে প্রথমে https://bit.ly/3ldZm0D থেকে কিউব কল রেকর্ডার অ্যাপটি ইন্সটল করে নিতে হবে।

যেভাবে রেকর্ড করবেন

কিউব রেকর্ডার অ্যাপটি চালু করে হোয়াটসঅ্যাপ অপশনটিতে ক্লিক করতে হবে, তাহলে হোয়াটসঅ্যাপ চালু হবে।

এরপর প্রচলিত নিয়মে হোয়াটসঅ্যাপ কল করতে হবে। কিউব কল রেকর্ডারের পপ আপ উইন্ডো বা উইজেট মোবাইলের স্ক্রিনে দেখা গেলে কলটি সফলভাবে রেকর্ড হবে।

এই পদ্ধতিতে রেকর্ড না হলে কিউব কল রেকর্ডার অ্যাপের সেটিংস থেকে ‘Force VoIP call as voice call’ অপশনটি চালু করে আবার চেষ্টা করতে হবে।

রেকর্ডিং অ্যাপটি সব স্মার্টফোনে কাজ করবে না। বিভিন্ন ব্র্যান্ডের কোন মডেলগুলোতে অ্যাপটি ব্যবহার করে হোয়াটসঅ্যাপ কল রেকর্ড করা যাবে তার তালিকা পাওয়া যাবে ।

এই অ্যাপ ব্যবহার করে একই পদ্ধতিতে ফেসবুক কিংবা স্কাইপের কলও রেকর্ড করা যাবে।

আশুরায় সব ধরনের তাজিয়া ও শোক মিছিল নিষিদ্ধ

করোনার বিস্তার ঠেকাতে পবিত্র আশুরা উপলক্ষে এবার সব ধরনের তাজিয়া মিছিল নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। বুধবার ডিএমপি কমিশনার মুহা. শফিকুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, করোনা মহামারিতে ডিএমপি এলাকার নাগরিকরদের

নিরাপত্তা নিশ্চিত করতে পবিত্র আশুরা উপলক্ষে সব ধরনের তাজিয়া/শোক/পাইক মিছিল নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

তবে ধর্মপ্রাণ নগরবাসী স্বাস্থ্যবিধি মেনে ইমাম বাড়াগুলোয় ধর্মীয় অনুষ্ঠান পালন করতে পারবেন। এসব অনুষ্ঠানে দা, ছোরা, কাঁচি, বর্শা, বল্লম, তরবারি, লাঠি ইত্যাদি বহন এবং আতশবাজি ও পটকা ফোটানো সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।

এই আদেশ পবিত্র আশুরা উপলক্ষে অনুষ্ঠান শুরু থেকে শেষ পর্যন্ত বলবৎ থাকবে।

সূত্র- বিডি প্রতিদিন

ক্রাইস্টচার্চে দু’টি মসজিদে হামলাকারীর উদ্দেশ্যে যা বললেন বিচারক

নিউজিল্যান্ডের দুটি মসজিদে হামলা করে ৫১ জনকে হত্যায় অভিযুক্ত ব্রেন্টন টারান্টকে যাবজ্জীবন কারাদণ্ডের শাস্তি দিয়েছে নিউজিল্যান্ডের একটি আদালত। সাজাপ্রাপ্ত ব্রেন্টন টারান্টের প্যারোলে মুক্তি পাওয়ারও কোনো সুযোগ থাকবে না। এই প্রথমবারের মত নিউজিল্যান্ডে প্যারোল ছাড়া যাবজ্জীবন কারাদণ্ডের শাস্তি দেয়া হলো। দণ্ডাদেশ দেয়ার সময় বিচারক মন্তব্য করেন যে, ব্রেন্টন টারান্ট পরিকল্পিতভাবে দু’টি মসজিদে হামলা করেন এবং তিনি তার কৃতকর্মের জন্য লজ্জিত নন।

গত বছরের ১৫ই মার্চ ক্রাইস্টচার্চের দুইটি মসজিদে বন্দুক নিয়ে গুলি করতে শুরু করে ওই হামলাকারী। টানা চতুর্থদিন শুনানি শেষে আজ বৃহস্পতিবার বিশ্বব্যাপী আলোচিত এ হত্যাকাণ্ডের মামলায় রায় ঘোষণা করেছেন ক্রাইস্টচার্চ আদালতের বিচারক ক্যামেরন ম্যান্ডার।

রায় ঘোষণার সময় আদালত কক্ষে উপস্থিত টারান্টের উদ্দেশে বিচারক বলেন, ‘আপনি নিজেকে মানসিকভাবে চরম অসুস্থ ব্যক্তি হিসেবে

উপস্থাপন করেছেন, যে কি না নিজের থেকে ভিন্ন মনে করা অন্য মানুষদের ঘৃণা করে। আপনি যে ক্ষতি করেছেন তার জন্য ক্ষমা প্রার্থনা বা জনসম্মুখে স্বীকারোক্তি দেননি। যদিও আমি আপনার (আদালতের) এই প্রক্রিয়াগুলো প্ল্যাটফর্ম হিসেবে ব্যবহার করার সুযোগ ত্যাগ করার প্রশংসা করছি, কিন্তু আপনাকে মোটেও অনুতপ্ত বা লজ্জিত দেখাচ্ছে না।’

শ্বেতাঙ্গ আধিপত্যবাদে বিশ্বাসী টারান্টের উদ্দেশে বিচারক বলেন, ‘আপনি একটি গণহত্যা চালিয়েছেন। আপনি নিরস্ত্র ও প্রতিরোধবিহীন মানুষদের হত্যা করেছেন।’

দণ্ডের রায় ঘোষণার আগে উচ্চৈস্বরে দীর্ঘসময় ধরে টারান্টের হামলার শিকার ব্যক্তিদের বর্ণনা এবং তাদের স্বজনদের মন্তব্য পড়ে শোনান বিচারক ম্যান্ডার। এসময় আবেগ্লাপ্লুত হয়ে পড়ায় দু’বার থেমে যেতে হয় তাকে।

ভুক্তভোগী একটি পরিবারের কথা উল্লেখ করে বিচারক বলেন, ‘তাদের ক্ষতি অসহনীয়। আপনার কর্মকাণ্ড তাদের পরিবার ধ্বংস করে দিয়েছে, যেভাবে ধ্বংস করেছে আরও অনেক পরিবারকে।’ এসময় নিহত প্রিয়মানুষটির নাম শুনে স্বজনদের অনেককেই চোখের পানি মুছতে দেখা যায়।

ক্রাইস্টচার্চ হামলায় সর্বকনিষ্ঠ ভুক্তভোগীর নাম মুকাদ ইব্রাহিম। টারান্টের গুলিতে প্রাণ হারানোর সময় তার বয়স ছিল মাত্র তিন বছর। মুকাদের কথা উল্লেখ করে বিচারক বলেন, ‘এত ছোট বাচ্চা হারানোর পর কোনও মা-বাবাই স্বাভাবিক হতে পারবে না।’

সূত্র- বিডি প্রতিদিন

ভয়ঙ্কর ‘লরা’ ধেয়ে আসা যুক্তরাষ্ট্রে, ২০ মিটার উঁচু

[redacted]

[redacted]

[redacted]

[

□□□□□ : □□□□□□□□□□